# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৫০

১/ বিবিধ

আরবী

كان إذا تغدى لم يتعش، وإذا تعشى لم يتغد

ضعيف

رواه ابن بشران في " الأمالي " (73 / 1) وأبو نعيم في " الحلية " (3 /323) وابن عساكر في آخر جزء " أخبار لحفظ القرآن " (ق 8 / 2) وكذا في " التاريخ " (11 / 65 / 1) عن سليمان بن عبد الرحمن حدثنا أيوب بن حسان الجرشي حدثنا الوضين بن عطاء عن عطاء بن أبي رباح قال: دعي أبو سعيد الخدري إلى وليمة فرأى صفرة وخضرة فقال: أما تعلمون أن رسول الله صلى الله عليه وسلم كان ... الحديث.

قلت: وهذا إسناد ضعيف ورجاله ثقات لكن الوضين بن عطاء سيء الحفظ فهو لهذا ضعيف، ثم إنه مرسل كما هو الظاهر لأن عطاء لم يوصله عن أبي سعيد بمثل قوله: عن أبي سعيد، ونحوه

(تنبيه) هذا الحديث مما خفي مخرجه على الحافظ العراقي ثم التاج السبكي فذكرا أنه من الأحاديث التي أوردها الغزالي في " الإحياء " ولا أصل لها

وتعقبه الزبيدي في " إتحاف السادة " (7 / 409) برواية أبي نعيم فقط! ورواه البيهقي في " الشعب " (2 / 158 / 2) موقوفا على أبي جحيفة، وفيه الوليد بن عمرو بن ساج وهو ضعيف، وتناقض فيه ابن حبان كما بينته في تيسير الانتفاع

বাংলা

২৫০। তিনি যখন দুপুরের খাবার খেতেন, তখন রাতের খাবার খেতেন না। আর যখন রাতের খাবার খেতেন তখন দুপুরের খাবার খেতেন না।

হাদীসটি দুর্বল।

এটি ইবনু বিশরান “আল-আমলী” গ্রন্থে (১/৭৩), আবু নু’য়াইম “আল-হিলইয়াহ" গ্রন্থে (৩/৩২৩), ইবনু আসাকির "আখবারুন লি হিফযিল কুরআন" গ্রন্থের শেষাংশে (কাফ ২/৮) এবং অনুরূপভাবে “আত-তারীখ” গ্রন্থে (১১/৬৫/১) সুলায়মান ইবনু আব্দির রহমান হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটির সনদ দুর্বল। বর্ণনাকারী ওয়াযীন ইবনু আতার হেফযে ত্রুটি রয়েছে। এ কারণে হাদীসটি দুর্বল। তাছাড়া হাদীসটি মুরসাল, কারণ আবু সাঈদ-এর সাথে আতার সাক্ষাৎ ঘটেনি।

সতর্কবাণীঃ এ হাদীসটির উৎপত্তি স্থল হাফিয ইরাকী এবং তাজুস-সুবকী উভয়ের নিকট লুক্কায়িতই রয়ে গেছে। এ জন্যে তারা বলেছেন যে, এটি সেই সব হাদীসের অন্তর্ভুক্ত যেগুলো গাযালী “আল-ইহইয়া” গ্রন্থে উল্লেখ করেছেন অথচ সেগুলোর কোন ভিত্তি নেই। যুবায়দী “ইতহাফুস সাদা” গ্রন্থে (৭/৪০৯) শুধু আবূ নু’য়াইম-এর বর্ণনা দ্বারা তার সমালোচনা করেছেন। কিন্তু বাস্তবতা হলো তার বিপরীত। এটিকে বাইহাকী “শুয়াবুল ঈমান” গ্রন্থে (২/১৫৮/২) আবূ যুহায়ফা হতে মওকুফ হিসাবে বর্ণনা করেছেন, যার সনদে ওয়ালীদ ইবনু আমর নামক বর্ণনাকারী আছেন, তিনি দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5510

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন